ভোরের কাগজ

তারিখ ... OCT 1 8 1999 ...

পৃষ্ঠা ২০ কলাম ৬

২০

### ৯৬ শিক্ষকের বিবৃতি

# ঢা.বি ক্যাম্পাসে মিছিলে হামলার নিন্দা ও প্রতিবাদ

ঢাকা বিশ্ববিদ্যালয়ের ৯৬ জন শিক্ষক গত শনিবার এক যুক্ত বিবৃতিতে বিশ্ববিদ্যালয়ের আন্দোলনরত ছাত্র মিছিলে পুলিশ ও সরকার সমর্থকদের সশস্ত্র হামলার নিন্দা জানিয়েছে।

বিবৃতিতে বলা হয়, দলীয়করণের ফলে ঢাকা বিশ্ববিদ্যালয় কর্তৃপক্ষ আজ সরকারের ক্রীড়নকে পরিণত হয়েছে। এরই ধারাবাহিকতায় গত বুধ ও বৃহস্পতিবার ধর্মঘট ছাত্রছাত্রীদের শান্তিপূর্ণ মিছিলে সশস্ত্র হামলা চালানো হয়েছে। অন্যদিকে, ছাত্র ধর্মঘটি চলাকালে সরকার ও বিশ্ববিদ্যালয়ের প্রশাসনের সমর্থক কতিপয় শিক্ষক পরীক্ষা দেওয়ার জন্য ছাত্রছাত্রীদের ওপর চাপ সৃষ্টি করেছে।

বিবৃতিদাতাদের মধ্যে রয়েছেন ড. ওয়াকিল আহমদ, মাহমুদুল আমীন, ফেরদৌস হোসেন প্রমুখ।